

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩ ১৬

খোয়াই, ২৪ এপ্রিল, ২০২৫

প্রধানমন্ত্রী আবাস যোজনা : খোয়াইয়ে ১১,৯৩৫টি গৃহ নির্মাণ

প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) গত অর্থবছরে খোয়াই জেলার বিভিন্ন ইউনিয়ন এলাকায় বসবাসকারী ১১ হাজার ৯৩৫টি সুবিধাভোগী পরিবারকে পাকা ঘর নির্মাণ করে দেওয়া হয়েছে। এর ফলে তেলিয়ামুড়া ইউনিয়নে ২,৮৫৭টি পরিবার, মুঙ্গিয়াকামী ইউনিয়নে ১,৫৭৬টি পরিবার, কল্যাণপুর ইউনিয়নে ২,২২৬টি পরিবার, খোয়াই ইউনিয়নে ২,৩৫৭টি পরিবার, পদ্মবিল ইউনিয়নে ১০ ১০টি পরিবার ও তুলাশিখর ইউনিয়নে ১,৯০৯টি পরিবার উপকৃত হয়েছে। এই যোজনায় প্রতিটি পাকা ঘর নির্মাণে ১ লক্ষ ৩০ হাজার টাকা করে বরাদ্দ রয়েছে। খোয়াই জেলা প্রশাসন কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
